

## 134163 - নবজাতকের আগমনে মিষ্টি বিতরণের ছকুম

### প্রশ্ন

যাদের ঘরে কোন নবজাতকের আগমন ঘটেছে তারা মিষ্টি বিতরণ করা কি কাফেরদের সাথে সাদৃশ্য গ্রহণ হবে?

### প্রিয় উত্তর

নবজাতকের আগমনে আনন্দ ও খুশি প্রকাশ করা, মিষ্টি ও এ জাতীয় কিছু বিতরণ করায় কোন আপত্তি নেই। এটি প্রাচীনকাল থেকে মুসলমান ও অন্যদের মধ্যে বিদ্যমান একটি প্রথা। তাই এটি কাফেরদের সাথে সাদৃশ্য হিসেবে গণ্য হবে না। যেহেতু এটি তাদের বিশেষত্ব নয়।

শাহী ইবনে উচ্চাইমীন (রহঃ) কে জিজ্ঞেস করা হয়েছিল:

এক নারী তাঁকে জিজ্ঞেস করেছিল যে, তাদের একটি প্রথা হচ্ছে তাদের কোন সন্তান জন্ম নিলে, সে সন্তান যখন হাঁটা শুরু করে তখন এ উপলক্ষ্যে এটি অনুষ্ঠান করা হয় এবং এতে প্রতিবেশীদেরকে দাওয়াত দেয়া হয়। এটাকে একটি স্পেশাল উপলক্ষ্য হিসেবে গণ্য করা হয়। এই অনুষ্ঠানে নবজাতকের মা তার মাথার উপর চকলেট ছিটিয়ে দেন— আশাবাদ থেকে এবং আনন্দ ও খুশি প্রকাশার্থে। এই অনুষ্ঠান করার ছকুম কী এবং মাদ্রাসাতে ছেলের সফলতায় এ রকম অনুষ্ঠান করার ছকুম কী?

তিনি জবাব দেন:

যে উপলক্ষ্যগুলো খুশির সেগুলোতে খুশি হতে কোন বাধা নেই এবং সাধ্যমত সেটি করা যেতে পারে; তবে শর্ত হলো যাতে করে কোন হারাম কাজ বা কোন বিশ্বাস এতে না থাকে। কেননা এ ধরণের বিষয়গুলো মানুষের ফিতরতগত। এ ধরণের উপলক্ষ্যগুলোতে প্রত্যেক মানুষ খুশি হয়ে থাকে। এতে আমি কোন বাধা দেখি না।[আল-ফাতাওয়া আছ-ছুলাছিয়াহ থেকে সমাপ্ত]